

নবাবগঞ্জের কলাকোপা কেপি উচ্চবিদ্যালয় উপজেলায় শ্রেষ্ঠ

■ দোহার-নবাবগঞ্জ (ঢাকা) সংবাদদাতা
ঢাকার নবাবগঞ্জ উপজেলায় শ্রেষ্ঠ
বিদ্যালয় নির্বাচিত হয়েছে কলাকোপা
কোকিল প্যারি উচ্চবিদ্যালয়। গত
বৃহস্পতিবার দুপুরে উপজেলা সম্মেলন
কক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিদ্যালয়ের
প্রধান শিক্ষক মো. শাহ আলম এ
পুরস্কার গ্রহণ করেন। জাতীয় শিক্ষা
সংগ্রহ ২০১৬ উপলক্ষে উপজেলা শিক্ষা
অফিসে এ নির্বাচন করা হয়।

নির্বাচিত অন্যদের মধ্যে কলেজ
পর্যায়ে শ্রেষ্ঠ হয়েছে— দোহার নবাবগঞ্জ
কলেজ, বালিকা বিদ্যালয়ে নবাবগঞ্জ
পাইলট গার্লস স্কুল অ্যান্ড কলেজ। ব্যক্তি
পর্যায়ে শ্রেষ্ঠ অধ্যক্ষ ইছামতি ডিগ্রি
কলেজের মো. ইকবাল হোসেন
হাওলাদার, শ্রেষ্ঠ প্রধান শিক্ষক
রহমানিয়া উচ্চবিদ্যালয়ের মো. জয়নাল
আবেদীন, শ্রেষ্ঠ শ্রেণিশিক্ষক রিনা
সুলতানা।

এতে প্রাতিষ্ঠানিক পর্যায়ে ৮টি ও
ব্যক্তি পর্যায়ে ১২টি বিভাগে নির্বাচিতদের
পুরস্কৃত করা হয়। নির্বাচিত প্রতিষ্ঠান
প্রতিনিধি ও ব্যক্তিদের হাতে ক্রেস্ট তুলে
দেন অনুষ্ঠানে প্রধান অতিথি ঢাকা-১
আসনের সংসদ সদস্য সালমা ইসলাম।

অনুষ্ঠানে সভাপতি ছিলেন
উপজেলা নির্বাহী কর্মকর্তা শাকিল
আহমেদ। উপস্থিত ছিলেন উপজেলা
চেয়ারম্যান খন্দকার আবু আশফাক,
ভাইস চেয়ারম্যান মহসিন রহমান
আকবর, শিক্ষা কর্মকর্তা মো. ফারুক
আহমেদ প্রমুখ।